

দশ দিনে এক কোটি ভীম অ্যাপ ডাউনলোড হওয়ায় প্রধানমন্ত্রী আনন্দিত

নয়াদিল্লি, ০৯ জানুয়ারি, ২০১৭

দশ দিনে ভীম অ্যাপ এক কোটি বারেরও বেশি ডাউনলোড হওয়ায় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী হর্ষ প্রকাশ করেছেন। এক বার্তায় তিনি বলেছেন, “মাত্র দশ দিনে এক কোটি বারেরও বেশি ভীম অ্যাপ-এর ডাউনলোড হওয়ার খবরে আনন্দিত।

ভীম অ্যাপ লেনদেন’কে আরও দ্রুত ও সহজ করে তুলেছে আর তার ফলে যুবসমাজের মধ্যে এটি জনপ্রিয় হয়ে উঠেছে। এই অ্যাপটি ব্যবসায়ীদের পক্ষেও সুবিধাজনক।

‘মেক ইন ইন্ডিয়া’র এক সুন্দর উদাহরণ হল ভীম অ্যাপ আর প্রযুক্তিকে কিভাবে দুর্নীতি ও কালো টাকার প্রসার রোধে কার্যকরীভাবে কাজে লাগানো যায়, তার-ই উজ্জ্বল দৃষ্টান্ত”।

